

প্রকাশনা বিভাগ  
ইসলামিক ফাউন্ডেশন  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

## প্রকাশনা বিভাগ

প্রকাশনা বিভাগের মাধ্যমে অত্যন্ত গুরুত্বের সাথে ইসলামী বই-পুস্তক প্রকাশিত হয়ে আসছে। ইসলামের মৌলিক বিষয়াবলি, আল-কুরআনুল করীম ও কুরআন সম্পর্কিত, মহানবী (সা)-এর সীরাত ও হাদীস সম্পর্কিত, ইসলামের ইতিহাস ও ঐতিহ্য, ইসলামের আইন, তাফসীর, হাদীস, দর্শন, নবী-রাসূল ও সাহাবীদের জীবনী, মুসলিম মনীষীদের জীবনী, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক, ইসলামী অর্থনীতি, ভ্রমণ কাহিনী, নারী অধিকার, মনীষীদের জীবনী, যৌতুক, মানবাধিকার, সন্ত্রাস ও জঙ্গীবাদ এবং শিশু-কিশোর উপযোগী নবী-রাসূল ও সাহাবীদের ঘটনা, গল্প ও চরিত্র গঠনমূলক সাহিত্য ইত্যাদি বিষয়ে পুস্তক মুদ্রণ, পুনঃমুদ্রণের মাধ্যমে ইসলামী আদর্শ, মূল্যবোধ ও শিক্ষার প্রচার ও প্রসারের মতো গুরুত্বপূর্ণ কাজ অত্র বিভাগের মাধ্যমে করা হয়ে থাকে। এ উদ্দেশ্যে প্রকাশনা বিভাগ এ পর্যন্ত সাড়ে চার হাজারের অধিক শিরোনামের পুস্তক প্রকাশ করেছে। বর্তমানে প্রকাশিত পুস্তকের চাহিদা বৃদ্ধির সাথে সাথে পুনর্মুদ্রণের হারও বৃদ্ধি পাচ্ছে। ইতিমধ্যে আল-কুরআনুল করীমের বাংলা অনুবাদের ৬২তম মুদ্রণ প্রকাশিত হয়েছে। এর পূর্বে দেশের খ্যাতিমান আলিমদের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে প্রয়োজনীয় টীকা সংযোজন এবং কিছু কিছু দুর্বোধ্য শব্দের সহজীকরণ করা হয়েছে। এছাড়া সিহাহ সিভাহর ৬টি হাদীস গ্রন্থের বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে। বুখারী ও মুসলিম শরীফের অনুবাদের ক্ষেত্রে খ্যাতিমান আলিমদের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে মূল পাঠ ও অর্থ যাচাই বাছাই করা এবং প্রয়োজনীয় টীকা সংযোজন করা হয়েছে। সৃজনশীল মাসিক ‘অগ্রপথিক’ ও ছোটদের মাসিক ‘সবুজপাতা’ শীর্ষক পত্রিকাও এ বিভাগ থেকে প্রতি মাসে নিয়মিত প্রকাশিত হয়।

প্রকাশিত যাবতীয় পুস্তক ও পত্রিকা আগারগাঁওস্থ প্রধান কার্যালয়, বায়তুল মুকাররমসহ বিভাগীয় ও জেলা কার্যালয়ের বিক্রয় কেন্দ্রের মাধ্যমে বিক্রয় করাও প্রকাশনা বিভাগের দায়িত্ব। অতি সম্প্রতি পুস্তক সংরক্ষণ ও বিপণনের ক্ষেত্রে তথ্য-প্রযুক্তির ব্যবহার প্রকাশনা কার্যক্রমকে আরও গতিশীল করেছে। প্রকাশিত পুস্তকের স্টোর ব্যবস্থাপনার কাজও এ বিভাগ করে থাকে। পরিচালক, প্রকাশনা এ বিভাগের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।